নং ডি.আর.আই/১২/২০২৪ তারিখঃ ১২.১২.২০২৪

# সংশোধিত বিজ্ঞপ্তি

যথাযথ মর্যাদা ও ভাবগম্ভীর পরিবেশে ১৪ ডিসেম্বর ২০২৪ **শহিদ বুদ্ধিজীবী দিবস পালন** ও ১৬ ডিসেম্বর ২০২৪ **মহান বিজয় দিবস** উদ্‌যাপনের লক্ষ্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃক বিস্তারিত কর্মসূচি গ্রহণ করা হয়েছে।

**১। ১৪ ডিসেম্বর ২০২৪ শহিদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি:**

ক) সকালে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত এবং কালো পতাকা উত্তোলন।

খ) ফজরের নামাজের পর বিশ্ববিদ্যালয়ের সকল মসজিদে শহিদ বুদ্ধিজীবীদের রুহের মাগফেরাতের জন্য মোনাজাত করা এবং অন্যান্য ধর্মাবলম্বীদের স্ব স্ব উপাসনালয়ে শহিদ বুদ্ধিজীবীদের আত্মার সদগতি কামনা করে প্রার্থনা।

গ) ১৪ ডিসেম্বর ২০২৪ শহিদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষ্যে কালো ব্যাজ ধারণ করা হবে। সকাল ১০:০০ টায় চ.বি. শহিদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধে মাননীয় উপাচার্য, উপ-উপাচার্যদ্বয়, অনুষদসমূহের ডিন, রেজিস্ট্রার ও প্রশাসনের সংশ্লিষ্টদের সাথে নিয়ে শহিদ বুদ্ধিজীবীদের স্মরণে বুদ্ধিজীবী চত্বরে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করবেন। অতঃপর অনুষদসমূহের ডিন, চ.বি. শিক্ষক সমিতি, হলসমূহের প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় সভাপতি এবং ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রসমূহের পরিচালকবৃন্দ, চ.বি. অফিসার সমিতি, বিশ্ববিদ্যালয় ক্লাব (ক্যাম্পাস ও শহর), চ.বি. মহিলা সংসদ, সমন্বয় কর্মকর্তা বিএনসিসি, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, চ.বি. কর্মচারী সমিতি, কর্মচারী ইউনিয়ন, চ.বি. সাংবাদিক সমিতি ও অন্যান্য সংগঠনের পক্ষ থেকে বুদ্ধিজীবী স্মৃতি সৌধে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সারিবদ্ধ ও সুশৃংখলভাবে ভাবগম্ভীর পরিবেশে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে প্রক্টর মহোদয়, বিএনসিসি কর্তৃপক্ষ ও নিরাপত্তা দপ্তরকে প্রয়োজনীয় সহায়তা করার জন্য অনুরোধ করা হলো। পুষ্পস্তবক অর্পণ শেষে চ.বি. শহিদ বুদ্ধিজীবী স্মৃতিসৌধ চত্বর থেকে শোক র‍্যালি (মৌন মিছিল) শহিদ মিনার, চাকসু, কলা ও মানববিদ্যা অনুষদ ভবন (পুরাতন) এর সামনে দিয়ে প্রক্টর অফিসের সম্মুখ হয়ে প্রশাসন ভবনে এসে শেষ হবে। অতঃপর চ.বি. উপাচার্য দপ্তরের সম্মেলন কক্ষে বেলা ১১:০০ টায় **"গণতান্ত্রিক বাংলাদেশে 'শহিদ বুদ্ধিজীবী' দিবসের তাৎপর্য"** শীর্ষক আলোচনা সভা অনুষ্ঠিত হবে। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন চ.বি. সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম। অনুষ্ঠানে চ.বি. মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহইয়া আখতার প্রধান অতিথি এবং চ.বি. মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান ও মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. মোঃ কামাল উদ্দিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সভায় শহিদ বুদ্ধিজীবী ও অন্যান্য শহিদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত পরিচালনা করবেন চ.বি. তথ্য ও ফটোগ্রাফি শাখার প্রশাসক ড. মোঃ শহিদুল হক।

ঘ) ১৪ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ৮:৩০ টায় চট্টগ্রাম শহর থেকে ২টি বাস শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য এবং ছাত্র/ছাত্রীদের জন্য ২টি বাস ১ ও ২ নং রুট অনুসরণ করে অনুষ্ঠানস্থলে আসবে এবং আলোচনা সভা শেষে ক্যাম্পাস হতে ফিরে যাবে। তাছাড়া ক্যাম্পাসস্থ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য অপর একটি বাস সকাল ৯:৩০ টায় পরিবহন দপ্তর থেকে ছেড়ে উত্তর ক্যাম্পাস ঘুরে দক্ষিণ ক্যাম্পাস-ফরেস্ট্রি হয়ে অনুষ্ঠানস্থলে আসবে এবং আলোচনা সভা শেষে যথারীতি ফিরে যাবে।

ঙ) আলোচনা সভায় উপস্থিত সকলের জন্য আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।

চ) সর্বোচ্চ সংখ্যক শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীর উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা যাচ্ছে।

**২। ১৬ ডিসেম্বর ২০২৪ মহান বিজয় দিবস উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচি ঃ**

ক) ১৫ ডিসেম্বর ২০২৪ তারিখ দিবাগত রাত ১২:০১ মিনিটে বিশ্ববিদ্যালয় বিএনসিসির উদ্যোগে বিজয় দিবসের সূচনালগ্নে স্বাধীনতা স্মারক ভাস্কর্য চত্বরে বিউগলের সুরে শহিদদের স্মরণ করা হবে। এ ব্যাপারে প্রক্টর মহোদয়ের সহায়তায় বিএনসিসি কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।

খ) ১৬ ডিসেম্বর ২০২৪ সূর্যোদয়ের সাথে সাথে বিশ্ববিদ্যালয়ের ভবনসমূহে জাতীয় পতাকা উত্তোলন এবং লাল ব্যাচ ধারণ করা হবে।

গ) ১৬ ডিসেম্বর ২০২৪ দেশ ও জাতির শান্তি, সমৃদ্ধি ও অগ্রগতি কামনা করে মসজিদ, মন্দির, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয়ে মুনাজাত/প্রার্থনা অনুষ্ঠিত হবে।

ঘ) ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ১০:০০ টায় চ.বি. স্বাধীনতা স্মারক ভাস্কর্যে চ.বি. মাননীয় উপাচার্য, উপ-উপাচার্যদ্বয়, অনুষদসমূহের ডিন, রেজিস্ট্রার ও প্রশাসনের সংশ্লিষ্টদের সাথে নিয়ে শহিদদের স্মরণে পুষ্পার্ঘ অর্পণ করবেন। অতঃপর অনুষদসমূহের ডিন, চ.বি. শিক্ষক সমিতি, হলসমূহের প্রভোস্ট, প্রক্টর, বিভাগীয় সভাপতি এবং ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রসমূহের পরিচালকবৃন্দ, চ.বি. অফিসার সমিতি, বিশ্ববিদ্যালয় ক্লাব (ক্যাম্পাস ও শহর), চ.বি. মহিলা সংসদ, সমন্বয় কর্মকর্তা বিএনসিসি, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, চ.বি. কর্মচারী সমিতি, কর্মচারী ইউনিয়ন, চ.বি. সাংবাদিক সমিতি ও অন্যান্য সংগঠনের পক্ষ থেকে স্বাধীনতা স্মারক ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণ করা হবে। সারিবদ্ধ ও সুশৃংখলভাবে ভাবগম্ভীর পরিবেশে পুষ্পস্তবক অর্পণ কার্যক্রম সম্পন্ন করার ব্যাপারে প্রক্টর মহোদয়, বিএনসিসি কর্তৃপক্ষ ও নিরাপত্তা দপ্তরকে প্রয়োজনীয় সহায়তা করার জন্য অনুরোধ করা হলো।

ঙ) পুষ্পস্তবক অর্পণ শেষে সকাল ১০:৩০ টায় স্বাধীনতা স্মারক ভাস্কর্য চত্বর থেকে বিজয় র‍্যালি শুরু হয়ে প্রশাসনিক ভবনে প্রবেশ পথের ব্রীজ-প্রশাসনিক ভবনের সামনে দিয়ে সমাজ বিজ্ঞান অনুষদ প্রাঙ্গণে এসে শেষ হবে। অতঃপর চ.বি. সমাজ বিজ্ঞান অডিটোরিয়ামে বেলা ১১:০০ টায় **"বর্তমান বাংলাদেশে বিজয় দিবসের তাৎপর্য"** শীর্ষক আলোচনা সভা। আলোচনা সভায় সভাপতিত্ব করবেন চ.বি. সম্মানিত রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম। অনুষ্ঠানে চ.বি. মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহইয়া আখতার প্রধান অতিথি এবং চ.বি. মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান ও মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. মোঃ কামাল উদ্দিন বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আলোচনা সভায় নিম্নোক্ত প্রত্যেক ক্যাটাগরি/সংগঠন থেকে উপস্থিত বরিষ্ঠ শিক্ষক/ব্যক্তি/কর্মকর্তা একজন করে বিপরীতক্রম অনুযায়ী বক্তব্য রাখবেন-চ.বি. মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক), মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন), ডিন, সভাপতি ও সাধারণ সম্পাদক চ.বি. শিক্ষক সমিতি, সিনেট সদস্য, সিন্ডিকেট সদস্য, রেজিস্ট্রার, প্রভোস্ট, প্রক্টর, সভাপতি/পরিচালক (বিভাগ/ইনস্টিটিউট), পরিচালক ছাত্র-ছাত্রী নির্দেশনা ও পরামর্শ, সভাপতি চ.বি. অফিসার সমিতি, সভাপতি চ.বি. ক্লাব (ক্যাম্পাস ও শহর), সভাপতি, চ.বি.কর্মচারী সমিতি ও সভাপতি চ.বি. কর্মচারী ইউনিয়ন। সভায় শহিদদের রুহের মাগফেরাত কামনা করে দোয়া ও মুনাজাত পরিচালনা করবেন চ.বি. তথ্য ও ফটোগ্রাফি শাখার প্রশাসক ড. মোঃ শহিদুল হক।

চ) ১৫ ও ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখ সন্ধ্যা থেকে রাত পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবন, হলসমূহ, রাস্তার পাশে, আইল্যান্ড, অন্যান্য গুরুত্বপূর্ণ স্থাপনা ও বিশ্ববিদ্যালয় ১ ও ২ নং গেইটে আলোকসজ্জায় সজ্জিত করা হবে। এ ব্যাপারে প্রক্টর অফিস, প্রকৌশল দপ্তর ও সংশ্লিষ্ট অন্যান্যদের সাথে আলোচনা করে আলোকসজ্জার স্থান নির্ধারণ করবেন।

ছ) শহিদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষ্যে বুদ্ধিজীবী চত্বর, স্বাধীনতা ভাস্কর্য, কেন্দ্রীয় শহিদ মিনার প্রশাসনিক ভবনসহ এর আশপাশ পরিষ্কার-পরিচ্ছন্ন করা হবে। এ ব্যাপারে চ.বি. প্রকৌশল দপ্তর এবং চ.বি. ক্যাম্পাস পরিষ্কার-পরিচ্ছন্নতা ও সৌন্দর্যবর্ধন কমিটি যৌথভাবে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

জ) ১৬ ডিসেম্বর ২০২৪ তারিখ সকাল ৮:৩০ টায় চট্টগ্রাম শহর থেকে ২টি বাস শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য এবং ২টি বাস ছাত্র-ছাত্রীদের জন্য ১ ও ২ নং রুট অনুসরণ করে অনুষ্ঠানস্থলে আসবে এবং আলোচনা সভা শেষে শহরে ফিরে যাবে। তাছাড়া ক্যাম্পাসস্থ শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীদের জন্য অপর একটি বাস সকাল ৯:৩০ টায় পরিবহন দপ্তর থেকে ছেড়ে উত্তর ক্যাম্পাস ঘুরে দক্ষিণ ক্যাম্পাস-ফরেস্ট্রি হয়ে অনুষ্ঠানস্থলে আসবে এবং আলোচনা সভা শেষে যথারীতি ফিরে যাবে।

ঝ) বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী, শিক্ষক ও কর্মকর্তা-কর্মচারীদের অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা যাচ্ছে।

ঞ) আলোচনা সভায় উপস্থিত সকলের জন্য আপ্যায়নের ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষরিত/-
**উপাচার্য**
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

স্বাক্ষরিত/-
**রেজিস্ট্রার**
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



স্মারক নং: ডি.আর.আই/ ১২/২০২৪/ ৩১২০২/১৮০ তারিখ: ১২.১২.২০২৪

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ-

১. সকল অনুষদের ডিন, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. শিক্ষক সমিতি। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩. কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত), চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৪. সকল হলের প্রভোস্ট, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৫. প্রক্টর, চ.বি. সিদ্ধান্ত ১-গ ও ২-ক, ঘ, ঙ, চ, ঞ ও উক্ত ২দিনের অনুষ্ঠানের জন্য সাউন্ড সিস্টেমের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৬. সকল বিভাগীয় সভাপতি, ইনস্টিটিউট ও গবেষণা কেন্দ্রের পরিচালক, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৭. পরিচালক, ছাত্র-ছাত্রী নির্দেশনা ও পরামর্শ, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৮. পরিচালক, আইকিউএসি, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৯. পরিচালক, আইসিটি সেল, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে এবং বিজ্ঞপ্তিটি সকল শিক্ষককে ই-মেইলের মাধ্যমে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১০. গ্রন্থাগারিক (ভারপ্রাপ্ত), চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১১. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. অফিসার সমিতি। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১২. সমন্বয় কর্মকর্তা, বিএনসিসি, চ.বি., বিউগল বাজানোসহ সিদ্ধান্ত-১ এর গ ও ২-এর ক, ঘ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৩. হিসাব নিয়ামক (ভারপ্রাপ্ত), চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৪. প্রধান প্রকৌশলী (ভারপ্রাপ্ত), চ.বি. সিদ্ধান্ত ২ এর চ-সহ শহিদ বুদ্ধিজীবী স্মৃতি সৌধ, মহান স্বাধীনতা স্মারক ভাস্কর্য চত্বর ও প্রশাসনিক ভবনের সামনে পরিষ্কার-পরিচ্ছন্ন এবং আলোকসজ্জার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৫. পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত), চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৬. পরিচালক, চ.বি. জাদুঘর। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৭. পরিচালক (ভারপ্রাপ্ত), পরিকল্পনা ও উন্নয়ন, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৮. চিফ মেডিকেল অফিসার (ভারপ্রাপ্ত), চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
১৯. ডেপুটি রেজিস্ট্রার (চুক্তিভিত্তিক), উপাচার্য দপ্তর, চ.বি. মাননীয় উপাচার্য মহোদয়কে সদয় অবহিত করার জন্য এবং সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২০. সহকারী রেজিস্ট্রার, উপ-উপাচার্য (একাডেমিক), চ.বি.। মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) মহোদয়কে সদয় অবহিত করার জন্য এবং সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২১. ডেপুটি রেজিস্ট্রার, উপ-উপাচার্য (প্রশাসন) চ.বি.। মাননীয় উপ-উপাচার্য (প্রশাসন) মহোদয়কে সদয় অবহিত করার জন্য এবং সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২২. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার মহোদয়ের সাথে সংযুক্ত, রেজিস্ট্রার মহোদয়কে সদয় অবহিত করার জন্য এবং সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২৩. পরিচালক (ভারপ্রাপ্ত), শারীরিক শিক্ষা বিভাগ, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২৪. কোষাধ্যক্ষ, চাকসু, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২৫. পরিচালক, চাকসু কেন্দ্র, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২৬. পরিচালক, বিজ্ঞান ওয়ার্কশপ, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২৭. আহবায়ক, গবেষণা পরিচালনা দপ্তর, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২৮. পরিচালক, নজরুল গবেষণা কেন্দ্র, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
২৯. অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)/উপাধ্যক্ষ, চ.বি. ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩০. প্রশাসক, চ.বি. প্রেস। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩১. প্রশাসক, এস্টেট শাখা, চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩২. প্রশাসক, পরিবহন দপ্তর, চ.বি. সিদ্ধান্ত ১-এর ঘ, ২-এর জ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৩. নিরাপত্তা কর্মকর্তা, চ.বি. সিদ্ধান্ত-১ এর ক, গ, ২-এর খ, ঘ সহ উভয়দিন পতাকা উত্তোলনের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো এবং সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৪. খতিব, চ.বি. কেন্দ্রীয় মসজিদ, সিদ্ধান্ত ১-এর খ, ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং ১৪ ও ১৬ ডিসেম্বর অনুষ্ঠিতব্য আলোচনা সভায় পবিত্র কোরআন থেকে তেলওয়াত করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৫. ইমাম, ক্যাম্পাসস্থ সকল মসজিদ, চ.বি. সিদ্ধান্ত ১-এর খ ও ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৬. অধ্যক্ষ, বিশ্ব শান্তি প্যাগোডা, চ.বি. সিদ্ধান্ত ১-এর খ ও ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৭. সভাপতি, সনাতন ধর্ম পরিষদ, চ.বি. সিদ্ধান্ত ১-এর খ ও ২-এর গ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৮. সভাপতি ও সম্পাদক, চ.বি. ক্লাব (ক্যাম্পাস ও শহর), চ.বি.। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৩৯. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. কর্মচারী সমিতি। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৪০. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. কর্মচারী ইউনিয়ন। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৪১. সভাপতি ও সম্পাদক, চ.বি. মহিলা সংসদ। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।
৪২. সভাপতি ও সাধারণ সম্পাদক, চ.বি. সাংবাদিক সমিতি। সিদ্ধান্ত ২-ঝ এর ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

মো: সাইদুর [illegible]
১২/১২/২০২৪
প্রশাসক
তথ্য-ফটোগ্রাফি শাখা
রেজিস্ট্রার অফিস, চ.বি.।